**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 31-05-2025** **Desk in Charge : SDG**

**Time : 7-50 PM** **Compiling : NBR**

**DEO : KB** **NR : NBR**

**Opening Announcement :-** আকাশবাণী, খবর পড়ছিঃ -

বিশেষ বিশেষ খবরঃ-

১/ এক গুচ্ছ রাজনৈতিক ও প্রশাসনিক কর্মসূচি নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ রাতে রাজ্যে আসছেন।

২/ রাজ্যের গ্রামীণ স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক, 'জাতীয় গ্রামীণ স্বাস্থ্য মিশন প্রকল্পে' এ'রাজ্যের জন্য ৩৯১ কোটি টাকা বরাদ্দ করেছে।

৩/ নির্দেশ সত্বেও বীরভূম তৃণমূল কংগ্রেস নেতা অনুব্রত মন্ডল পুলিশের কাছে হাজিরা না দেওয়ায়, বিজেপি সহ বিরোধী দলগুলি তার তীব্র সমালোচনা করেছে।

৪/ নদীয়ার কালিগঞ্জ বিধানসভা উপনির্বাচনে বিজেপি প্রার্থী হচ্ছেন আশিস ঘোষ।

৫/ আজ, বিশ্ব তামাক মুক্ত দিবস। তামাক ব্যবহারের ক্ষতিকর দিকগুলি সম্পর্কে মানুষকে সচেতন এবং এর ব্যাবহার বন্ধ করতে নানা অনুষ্ঠানে আজকের দিনটি পালন করা হচ্ছে।

৬/ পাক গুপ্তচরবৃত্তির তদন্তে NIA আজ কলকাতার ৩টি জায়গা সহ দেশের মোট ৭টি স্থানে তল্লাশি চালিয়েছে।

*****************************************************************

একগুচ্ছ রাজনৈতিক ও প্রশাসনিক কর্মসূচি নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ রাতে রাজ্যে আসছেন। আগামীকাল তিনি কলকাতায় তিনটি কর্মসূচিতে অংশ নেবেন। রাজারহাটে একটি সরকারি অনুষ্ঠানে কেন্দ্রীয় ফরেন্সিক সায়েন্স ল্যাবেরটরির নতুন ভবনের উদ্বোধনের পর নেতাজি ইনডোর স্টেডিয়ামে বিজেপির বিভিন্ন স্তরের নেতা-কর্মীদের নিয়ে আয়োজিত সম্মেলনে ভাষণ দেবেন শ্রী শাহ। বিকেলে সিমলা স্ট্রিটে স্বামী বিবেকানন্দের জন্মভিটেয় আয়োজিত অনুষ্ঠানেও তাঁর যোগ দেওয়ার কথা। ওই অনুষ্ঠানের শেষে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী রওনা হবেন দিল্লির উদ্দেশে।

এদিকে, বিধানসভা ভোটের আগে স্বরাষ্ট্রমন্ত্রীর এই সফর সাংগঠনিক স্তরে কর্মীদের উদ্বুদ্ধ করবে বলে মত প্রকাশ করেছেন দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার।

(বাইট- সুকান্ত)

*********************

রাজ্যের গ্রামীণ স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক, জাতীয় গ্রামীণ স্বাস্থ্য মিশন প্রকল্পে এ রাজ্যের জন্য ৩৯১ কোটি টাকা বরাদ্দ করেছে। চলতি অর্থবছরে প্রথম কিস্তির হিসাবে এই টাকা দেওয়া হবে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

উল্লেখ্য, শর্ত না মানার অভিযোগে স্বাস্থ্য মন্ত্রক গত দুই বছর ধরে এই প্রকল্পে রাজ্যকে টাকা দেওয়া বন্ধ রেখেছিল।

*********************

পুলিশের নির্দেশ সত্ত্বেও বোলপুর SDPO দপ্তরে হাজিরা না দেওয়ায়, বীরভূমের তৃণমূল কংগ্রেস নেতা অনুব্রত মন্ডলকে আবার হাজিরার নোটিস পাঠানো হয়েছে। অসুস্থতার কারণ দেখিয়ে তিনি আজকের হাজিরা এড়িয়ে যান। আগামীকাল বেলা ১১'টার মধ্যে তাঁকে সশরীরে SDPO দপ্তরে হাজিরা দিতে বলা হয়েছে।

অন্যদিকে, অনুব্রতকে গ্রেপ্তারের দাবীতে **বিজেপি**, সাঁইথিয়া থানায় অভিযোগ দায়ের করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, কদর্য ভাষায় পুলিশকে আক্রমণ করে তারপর ক্ষমা চেয়ে নিলে অপরাধ স্খলন হয়না। অনুব্রত মন্ডলের ভাষা শুধুমাত্র আইসি-র পরিবারের মা বা তাঁর স্ত্রীর প্রতি অসম্মান নয়, গোটা নারী জাতির অসম্মান।

( বাইট- শুভেন্দু/ অনুব্রত )

এদিকে, অনুব্রত প্রসঙ্গে তৃণমূল কংগ্রেসের শীর্ষ নেতাদের নীরবতা নিয়ে কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী কটাক্ষ করেছেন। তিনি বলেছেন, পুলিশ শাসক দলের ক্রীতদাসে পরিণত হয়েছে। অধীরবাবু বলেন, অনুব্রত মন্ডল যেহেতু মুখ্যমন্ত্রীর অত্যন্ত প্রিয় পাত্র, তাই তাঁর যাতে কোন কষ্ট না হয়, সে বিষয়টি নেত্রী দেখছেন।

( বাইট- অধীর / অনুব্রত )

উল্লেখ্য, বোলপুর থানার এক আধিকারিককে কদর্য ভাষায় আক্রমণ ও হুমকির প্রতিবাদে আজ অনুব্রতকে SDPO-র দপ্তরে হাজিরা দিতে বলা হয়। দলের পক্ষ থেকে নির্দেশ আসার পরই ঐ আধিকারিকের কাছে লিখিতভাবে ক্ষমাও চান তিনি।

**********************

নদীয়ার কালিগঞ্জ বিধানসভা উপনির্বাচনের জন্য **বিজেপি**, আজ প্রার্থী ঘোষণা করেছে। **আশিস ঘোষ**কে ওই আসনে প্রতিদ্বন্দ্বিতার জন্য নির্বাচন করেছে দল। এর আগেই তৃণমূল কংগ্রেস ও কংগ্রেস, ওই আসনে তাদের নিজ নিজ প্রার্থীর নাম ঘোষণা করে। প্রয়াত বিধায়ক নাসিরুদ্দিন আহমেদের মেয়ে **আলিফা আহমেদকে তৃণমূল** কংগ্রেস প্রার্থী করেছে। **কংগ্রেসের** তরফে **কবিলউদ্দিন শেখ**কে প্রার্থী করা হয়েছে।

উল্লেখ্য, **১৯**শে জুন, কালিগঞ্জ বিধানসভা উপনির্বাচনের জন্য এগিয়ে চলেছে মনোনয়ন পত্র জমা দেবার কাজ। আগামী সোমবার দোসরা জুন প্রার্থীপদ দাখিলের

সময়সীমা শেষ হচ্ছে। পরদিন জমা পরা মনোনয়নগুলি খতিয়ে দেখা হবে। পাঁচ তারিখ প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন। ২৫শে জুন গণনা।

********************

**মালদা** জেলা তৃণমূল সভাপতি আব্দুর রহিম বক্সীর মেয়ে আসিফা শবনমের সেচ দপ্তরে চাকরী পাওয়াকে কেন্দ্র করে বিতর্কের সৃষ্টি হয়েছে।

এবিষয়ে স্বজন পোষণ এবং চাকরী ক্ষেত্রে রাজনৈতিক প্রভাব খাটানোর অভিযোগ তুলেছে বিজেপি। দলের রাজ্য সভাপতি **সুকান্ত** মজুমদার এক্স হ্যান্ডেলে এক বার্তায় বলেছেন, যোগ্য চাকরীহারা শিক্ষক শিক্ষিকারা রাস্তায় চাকরী ফিরে পাওয়ার দাবীতে রাস্তায় বসে দিন কাটালেও তাঁদের কোন সুরাহা হচ্ছে না। এরই মধ্যে সেচ ও জলপথ দপ্তরের প্রতিমন্ত্রী সাবিনা ইয়াসমিন সেচ দপ্তরে এই চাকরী অন্যায়ভাবে করে দিয়েছেন বলে তাঁর অভিযোগ।

যদিও জেলা তৃণমূল সভাপতির দাবী, তাঁর মেয়ের চাকরীর জন্য কাউকে কোনো সুপারিশ করেননি তিনি। অন্যদিকে সাবিনা ইয়াসমিন বলেছেন, মন্ত্রী কোটায় কাকে কোথায় চাকরী দেওয়া হবে, তা’ তাঁর ব্যক্তিগত ব্যাপার।

********************

আজ বিশ্ব তামাক মুক্ত দিবস। তামাক ব্যবহারের ক্ষতিকর দিকগুলি সম্পর্কে মানুষকে সচেতন এবং এর ব্যাবহার বন্ধ করতে ‘বিশ্ব স্বাস্থ্য সংস্থা’ WHO-র উদ্যোগে, প্রতিবছর আজকের দিনটি তামাক মুক্ত দিবস হিসেবে পালন করা হয়। WHO-এর হিসাবে গোটা বিশ্বে ১৩০ কোটি মানুষ তামাক ব্যবহার করেন, যা অকাল মৃত্যুর কারণ হয়ে দাঁড়িয়েছে।
বিশ্ব তামাক মুক্ত দিবস উপলক্ষ্যে আকাশবাণী সংবাদ বিভাগের একটি প্রতিবেদন।

(ক্যাপসুল- অভিজিৎ)

********************

এক বিশেষ সম্প্রদায়ের ধর্মীয় ভাবাবেগে আঘাত করে সমাজমাধ্যমে ভিডিও পোষ্ট করার অভিযোগে কলকাতা পুলিশ, গুরগাঁও থেকে এক তরুণীকে গ্রেপ্তার করেছে। জানা গেছে, শর্মিষ্ঠা পানোলি নামে ঐ তরুণীর বিরুদ্ধে গার্ডেনরিচ থানায় অভিযোগ দায়ের হয়। কিন্তু পরিবারের সকলে বেপাত্তা হয়ে যাওয়ায় তাকে আইনী নোটিশ দেওয়া সম্ভব হয়নি। আদালত গ্রেপ্তারী পরোয়ানা জারী করলে গতকাল শর্মিষ্ঠাকে গ্রেপ্তার করা হয়।

আজ তাকে ট্রানজিট রিমান্ডে কলকাতায় আনা হয়। আলিপুর আদালতে শর্মিষ্ঠাকে ১৩'ই জুন পর্যন্ত জেল হেফাজতের নির্দেশ দিয়েছে।

********************

পাক গুপ্তচর সন্দেহে ধৃত এক CRPF জাওয়ানকে জেরা করে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা– NIA আজ আরো তথ্যের সন্ধানে কলকাতার ৩টি জায়গা সহ দেশের মোট ৭টি স্থানে তল্লাশি চালিয়েছে।

কলকাতার পার্ক সার্কাস, খিদিরপুর ও আলিপুরে চলে তল্লাশী। পার্ক সার্কাসের একটি হোটেলে অভিযান চালিয়ে কেন্দ্রীয় তদন্তকারী আধিকারিকরা এক যুবককে আটক করেন। তার ল্যাপটপ ও বেশ কিছু নথিপত্র বাজেয়াপ্ত করা হয়েছে। তল্লাশী চালানো হয় মোমিনপুরের বিদেশী মুদ্রা বিনিময় কেন্দ্রে। এর সঙ্গে পাক গুপ্তচরদের কোনো যোগাযোগ আছে কিনা, তা' খতিয়ে দেখা হচ্ছে।

ওই মুদ্রা বিনিময় কেন্দ্রের মালিককে আগামী সোমবার NIA দপ্তরে হাজিরা দেওয়ার জন্য নোটিশ দিয়েছেন আধিকারিকরা।

********************

এক বিশেষ সম্প্রদায়ের ধর্মীয় ভাবাবেগে আঘাত করে সমাজমাধ্যমে ভিডিও পোষ্ট করার অভিযোগে কলকাতা পুলিশ, গুরগাঁও থেকে এক তরুণীকে গ্রেপ্তার করেছে। জানা গেছে, শর্মিষ্ঠা পানোলি নামে ঐ তরুণীর বিরুদ্ধে গার্ডেনরিচ থানায় অভিযোগ দায়ের হয়। কিন্তু পরিবারের সকলে বেপাত্তা হয়ে যাওয়ায় তাকে আইনী নোটিশ

দেওয়া সম্ভব হয়নি। আদালত গ্রেপ্তারী পরোয়ানা জারী করলে গতকাল শর্মিষ্ঠাকে গ্রেপ্তার করা হয়।

আজ তাকে ট্রানজিট রিমান্ডে কলকাতায় আনা হয়। আলিপুর আদালতে শর্মিষ্ঠাকে ১৩'ই জুন পর্যন্ত জেল হেফাজতের নির্দেশ দিয়েছে।

********************

শিলিগুড়িতে নকল আধার কার্ড তৈরির অভিযোগে পুলিশের গোয়েন্দা বিভাগ দুজনকে গ্রেপ্তার করেছে। টিকিয়াপাড়ার মাতঙ্গিনী কলোনি এলাকায় একটি রেল কোয়ার্টারে গতরাতে তল্লাশি চালিয়ে সুশীল রায় নামে এক যুবককে পাকড়াও করা হয়। তাকে জিজ্ঞাসাবাদ করে চক্রের মূল পান্ডা ইন্দ্রনারায়ণ চৌধুরীকে গ্রেফতার করা হয়েছে। ধৃতদের কাছ থেকে উদ্ধার হয়েছে প্রচুর নকল আধার কার্ড।

********************

স্বাভাবিক সময়ের আগেই উত্তরবঙ্গে বর্ষা এসেছে। সেই সঙ্গে একটি নিম্নচাপ অক্ষরেখা সক্রিয় থাকার কারণে আজ ও আগামীকাল উত্তরের সব জেলাতেই বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী অন্বেষা ভট্টাচার্য আকাশবাণীকে বলেন, আজ ও আগামী কয়েকদিন কলকাতাসহ দক্ষিণের জেলাগুলিতে ঝোড়ো হাওয়া থাকবে সেই সঙ্গে বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝরি বৃষ্টিপাত হতে পারে বলে জানা গেছে।

********************

অনূর্ধ্ব ১৩ রাজ্য যুবলীগে বেঙ্গল ফুটবল একাডেমি চ্যাম্পিয়ান হয়েছে। আজ ফাইনালে ভবানীপুর এফসিকে তারা ৪-০ গোলে হারিয়ে দেয়।

বেঙ্গল ফুটবল একাডেমীর হয়ে গোল করেন রোহিত গাজী, রোহিত টুডু, অঙ্কুশ পাল ও সম্রাট দাস। এই সাফল্যের জন্য ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস ফুটবলার, কোচ ও কর্মকর্তাদের অভিনন্দন জানান।

********************

যাত্রী পরিষেবার মানোন্নয়নের লক্ষ্যে পূর্ব রেলের শিয়ালদহ ডিভিশন আগামী ৪ জুন থেকে **১১**টি মেমু ট্রেনকে EMU ট্রেনে রূপান্তর করার সিদ্ধান্ত নিয়েছে। এছাড়া ৯টি লালগোলা রুটের ট্রেনের যাত্রাপথকে দুই ভাগে বিভাজন করা হবে বলে পূর্ব রেলের তরফে জানানো হয়েছে। যাত্রীসেবার মানোন্নয়ন, বিশেষত মহিলাদের, প্রবীণদের ও শিশুদের জন্য শৌচাগারের সুবিধা প্রদানের জন্য এই উদ্যোগ।

*******************************************************************